কালের কণ্ঠ

তারিখ ... 09 NOV 2016 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 4 ...

### সংসদীয় কমিটির বৈঠক

# প্রাথমিকে পুল শিক্ষক নিয়োগে কোনো বাধা নেই

**নিজস্ব প্রতিবেদক ▷**

প্রাথমিক বিদ্যালয়ে পুল শিক্ষকদের স্থায়ী নিয়োগে আর কোনো বাধা নেই বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মো. মোতাহার হোসেন। কমিটির পক্ষ থেকে তাঁদের নিয়োগের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের তাগিদ দেওয়া হয়েছে বলে তিনি জানান।

গতকাল মঙ্গলবার জাতীয় সংসদ ভবনে সংসদীয় কমিটির বৈঠক শেষে এক প্রেস ব্রিফিংয়ে মোতাহার হোসেন এ কথা জানান। সংসদ ভবনের মিডিয়া সেন্টারে আয়োজিত ব্রিফিংয়ে তিনি আরো জানান, প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগে সব আইনি জটিলতা শেষ করে দ্রুত নতুন শিক্ষক নিয়োগের তাগিদ দেওয়া হয়েছে। আর কমিটির বৈঠকে প্রাথমিক ও গণশিক্ষার মান বাড়াতে 'প্রাথমিক ও গণশিক্ষা বোর্ড' নামে নতুন শিক্ষা বোর্ড গঠনের সুপারিশ করা হয়েছে। এ ছাড়া প্রাথমিক শিক্ষার জন্য পৃথক একটি কারিকুলাম করারও প্রস্তাব করা হয়েছে।

কমিটির সভাপতি বলেন, এর আগে কমিটির ৩০টি বৈঠকে ১০৫টি সুপারিশ করা হয়। এর মধ্যে মাত্র ২৭টি কার্যকর হয়েছে। আর চারটি প্রক্রিয়াধীন। সুপারিশ বাস্তবায়নে মন্ত্রণালয়ের গাফিলতি আছে দাবি করে তিনি বলেন, মন্ত্রণালয় যদি গতিশীল থাকত তাহলে এ কাজ আরো এগিয়ে নেওয়া যেত। বৈঠকে জাতীয় শিক্ষানীতি অনুযায়ী অষ্টম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষার অন্তর্ভুক্তির বিষয়টি দ্রুত বাস্তবায়নের সুপারিশ করা হয়।

বৈঠকে কমিটির সদস্য আ খ ম জাহাঙ্গীর হোসাইন, মো. আবুল কালাম ও আলী আজম এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।